



## বিনা প্রতিদ্বন্দ্বিতায় বিসিবির সভাপতি তামিম ইকবাল



বিনা প্রতিদ্বন্দ্বিতায় বিসিবির সভাপতি তামিম ইকবাল। ছবি: সংগৃহীত

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) নতুন সভাপতি হিসেবে দায়িত্ব পেলেন জাতীয় দলের সাবেক অধিনায়ক তামিম ইকবাল। পরিচালনা পর্ষদের নির্বাচনে পরিচালক পদে জয় পাওয়ার পর অনুষ্ঠিত বোর্ড সভায় কোনো প্রতিদ্বন্দ্বী না থাকায় সর্বসম্মতভাবে সভাপতি নির্বাচিত হন তিনি।

মিরপুরের শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়াম সংলগ্ন বিসিবি কার্যালয়ে ভোটগ্রহণ শেষে নির্বাচন কমিশন আনুষ্ঠানিকভাবে ফল ঘোষণা করে। পরে নবনির্বাচিত পরিচালকদের সভায় সভাপতির দায়িত্ব পান দেশের অন্যতম সফল এই ওপেনার।

ক্লাব ক্যাটাগরি থেকে নির্বাচনে অংশ নিয়ে সর্বোচ্চ ৭৩ ভোট অর্জন করেন তামিম। ফল প্রকাশের পর থেকেই তার সভাপতি হওয়ার বিষয়টি প্রায় নিশ্চিত হয়ে যায়। শেষ পর্যন্ত বিনা প্রতিদ্বন্দ্বিতাতেই বিসিবির সর্বোচ্চ পদে বসেন তিনি।

এর আগে বিসিবির অ্যাডহক কমিটির প্রধান হিসেবেও দায়িত্ব পালন করেছিলেন তামিম। এবার নির্বাচিত বোর্ড সভাপতির দায়িত্ব নিয়ে দেশের ক্রিকেট প্রশাসনে আনুষ্ঠানিকভাবে নতুন অধ্যায়ের সূচনা করলেন সাবেক এই তারকা ক্রিকেটার।

এদিকে বোর্ডের সহসভাপতি হিসেবে নির্বাচিত হয়েছেন ফাহিম সিনহা। যদিও নিয়ম অনুযায়ী দুইজন সহসভাপতি থাকার কথা, তবে আপাতত একজনের নামই ঘোষণা করেছে নির্বাচন কমিশন।